যুগান্তর

5 MAY 2017
6 ... 2

# ৯৩ শিক্ষা প্রতিষ্ঠানের সবাই ফেল

## শতভাগ পাস ২২৬৬ প্রতিষ্ঠানে

**যুগান্তর রিপোর্ট**

এসএসসি ও সমমানের পরীক্ষায় এবার সারা দেশে ২ হাজার ২৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ শিক্ষার্থী পাস করেছে। ৯৩টি শিক্ষা প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী ফেল করেছে। গত বছরের তুলনায় এবার শতভাগ শিক্ষার্থী পাস করা প্রতিষ্ঠানের সংখ্যা প্রায় অর্ধেকে নেমে এসেছে। অপরদিকে একজনও পাস করেনি এমন প্রতিষ্ঠানের সংখ্যা দেড়গুণের বেশিতে দাঁড়িয়েছে। বুধবার ৮টি সাধারণ, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের ফলে এ তথ্য পাওয়া গেছে।

ফল বিশ্লেষণে দেখা গেছে, এসএসসি ও সমমানের পরীক্ষায় এ বছর দেশের ৯৩টি শিক্ষা প্রতিষ্ঠানের কোনো পরীক্ষার্থীই পাস করতে পারেনি। গত বছর ৫৩টি প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী ফেল করেছিল। সেই হিসাবে এবার শতভাগ ফেল করা প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে ৪০টি। এবার ঢাকা, কুমিল্লা, যশোর ও বরিশাল বোর্ডে দুটি করে, রাজশাহী, চট্টগ্রাম ও দিনাজপুর বোর্ডে একটি করে শিক্ষা প্রতিষ্ঠানের কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি। আর মাদ্রাসা বোর্ডের অধীনে ৮২টি প্রতিষ্ঠানের সব পরীক্ষার্থী এবার ফেল করেছে। তবে সিলেট ও কারিগরি বোর্ডে একজনও পাস করেনি এরকম কোনো শিক্ষা প্রতিষ্ঠান নেই।

অন্যদিকে গত বছর ২৮ হাজার ১০৭টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এসএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে শতভাগ পাস করে ৪ হাজার ৭৩৪ প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী। এবার ২৮ হাজার ৩৫৯ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা মাধ্যমিক পরীক্ষায় বসে। এ হিসাবে এবার শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ২৫২টি বাড়লেও শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কমে অর্ধেকে নেমে এসেছে। ২ হাজার ৪৬৮টি কমে শতভাগ পাস করেছে ২ হাজার ■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## ৯৩ শিক্ষা প্রতিষ্ঠানের সবাই ফেল

(৩য় পৃষ্ঠার পর)

২৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা। এর আগে ২০১৫ সালে ৫ হাজার ৯৫টি এবং ২০১৪ সালে ৭ হাজার ২১০টি প্রতিষ্ঠানের শতভাগ শিক্ষার্থী মাধ্যমিক পরীক্ষায় পাস করে। এ হিসাবে, ধারাবাহিকভাবে ৩ বছর শতভাগ পাসের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা কমল। এবার ঢাকা বোর্ডে ৩৫৪টি, রাজশাহী বোর্ডে ৪২৯টি, কুমিল্লা বোর্ডে ১৪টি, যশোর বোর্ডে ১৫০টি, চট্টগ্রাম বোর্ডে ৫৬টি, বরিশাল বোর্ডে ৮৭টি, সিলেট বোর্ডে ৩৭টি ও দিনাজপুর বোর্ডের ১৬৬টি শিক্ষা প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী পাস করেছে। এছাড়া মাদ্রাসা বোর্ডের ৮০৯টি এবং কারিগরি বোর্ডের ১৬৪টি প্রতিষ্ঠানের সবাই পাস করেছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, যেসব প্রতিষ্ঠানের একজন শিক্ষার্থীও পাস করেনি, সেগুলোর এমপিও স্থগিত রাখার সিদ্ধান্ত আগেই রয়েছে। গত বছর একজনও পাস করেনি এমন অনেক শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও স্থগিত করা হয়েছে। এ বিষয়ে বৃহস্পতিবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, যেসব প্রতিষ্ঠান তাদের শিক্ষার্থী পাস করাতে ব্যর্থ হয়েছে, ওই সব প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। একজনও পাস না করার কারণ অনুসন্ধান করা হবে। পাশাপাশি সামনে যাতে ভালো করতে পারে, সেই পদক্ষেপ নেয়া হবে।

এবার মাধ্যমিক ও সমমানের পরীক্ষায় এবার ৮০ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছে, যাদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৪ হাজার ৭৬১ জন। এ বছর দশটি বোর্ডের অধীনে ২৮ হাজার ৩৫৯টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ৩ হাজার ৩০৩টি কেন্দ্রে পরীক্ষা দিয়েছে।